



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং-ঢাশিবো/বি/৩৩১/নার/ ৪১৭

তারিখ : ২৪/০৪/২০২২

বিষয় : দীর্ঘদিন ধরে কমিটি বিহীন বিদ্যালয় পরিচালনা করায় নারায়ণগঞ্জ আইডিয়াল স্কুলের প্রধান শিক্ষককে কারণ দর্শানো প্রসংঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলার সদর থানাধীন নারায়ণগঞ্জ আইডিয়াল স্কুল এ

১। পাঠদানের অনুমতি প্রাপ্ত বা স্বীকৃতি প্রাপ্ত যে কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এড-হক কমিটি থাকা বাধ্যতামূলক এবং উক্ত অনুমোদিত কমিটি দ্বারা প্রতিষ্ঠান পরিচালিত হবে।

২। উক্ত বিদ্যালয় বোর্ড হতে স্মারক নং- ৩১১/নার/৭১৯৪/তারিখ: ০৯/১২/২০০৯ এর আলোকে গত ০১/০১/২০১০ তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নবম শ্রেণি খোলার অনুমতি দেয়া হয়। উক্ত অনুমতি পত্রের ২নং শর্ত মোতাবেক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এড-হক কমিটি গঠনের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা থাকা সত্ত্বেও আজ অবধি কোন কমিটি গঠন করা হয়নি।

৩। উল্লেখ্য যে, প্রধান শিক্ষককে কমিটি গঠনের জন্য মৌখিক ভাবে বলা হলেও তিনি কমিটি বিহীন বিদ্যালয় ভালভাবে পরিচালিত হচ্ছে এবং সেক্ষেত্রে কমিটি গঠনের প্রয়োজন নেই বলে মন্তব্য করেন।

এমতাবস্থায়, দীর্ঘদিন ধরে কমিটি বিহীন বিদ্যালয় পরিচালনা করা এবং প্রধান শিক্ষক কর্তৃক কমিটি গঠনে অনিহা প্রকাশ করায় কেন বিদ্যালয়ের পাঠদান এবং স্বীকৃতি প্রত্যাহার করা হবে না মর্মে কারণ দর্শানো হলো।

আগামী ০৭ (সাত) কর্মদিবসে উপযুক্ত জবাব দেয়ার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঁঞা
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক :

প্রধান শিক্ষক
নারায়ণগঞ্জ আইডিয়াল স্কুল
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

মেমো নং- ৪১৭ (২)

তারিখ : ২৪/০৪/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৮। পি, এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।